Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।৹ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৵৹ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই চৈত্র বুধবার ১৩৬৩ ইংরাজী 27th Mar. 1957 { ৪৪শ সংখ্যা।




ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C.P. Service

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চা! চা!! চা!!!**

দার্জ্জিলিং, আসাম ও ডুয়ার্সের ভাল চা পেতে হ'লে চা-সংসদে আসুন। রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের

*একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান চা-সংসদ।*

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

**মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম**

**হোমিও প্রতিষ্ঠান**

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইনষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইনজেকশান এবং পেটেন্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে "বসন্ত চিকিৎসা" মূল্য মাত্র আট আনা। ডাক্তার শীলের হোমিও ইনজেকশান ও পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়।

হ্যানিম্যান হল

খাগড়া, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৩ই চৈত্র বুধবার সন ১৩৬৩ সাল।

## নামের গুমর

—০—

"গুমর" শব্দটি গর্ব্ব ও গৌরবের প্রাদেশিক প্রচলিত ধ্বনি। ১৮৮৫ খৃঃ অব্দে বোম্বাই সহরে যে প্রথম জাতীয় মহাসমিতির (কংগ্রেস) অধিবেশন হয়, বাংলার তদানীন্তন মনীষী উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ( যিনি সাধারণতঃ ডব্লিউ, সি, ব্যানার্জ্জি নামে পরিচিত ) তাহার সভাপতির আসন অলঙ্কৃত করেন। আজ ১৯৫৭ খৃষ্টাব্দ অর্থাৎ ১৮৮৫ হইতে গণনা করিয়া দেখিলে ৭৩ বৎসর অতীত হইতে চলিয়াছে।

আইন সভার সদস্য নির্ব্বচনের সময় কিছু দিন আগেও লোকে বলিত—কংগ্রেস যাকে দাঁড় করাইবে সে নির্ব্বাচিত হইবেই। মানুষ তো মানুষ যদি একটা লাঠি বা থামকে মনোনয়ন দেয় তবে তার সঙ্গে প্রতিযোগিতায় দাঁড়ায় কে?

আজ কংগ্রেস ভারতের রাজশক্তিসম্পন্ন সম্প্রদায়। ভারত স্বাধীন দেশ। আজ স্বাধীন দেশে যখন পার্লামেণ্ট ( লোকসভা ) বা রাজ্যবিধানসভার সভ্য নির্ব্বাচন ক্রিয়া অনুষ্ঠিত হইতেছে। তখন এই কংগ্রেস মনোনীত সভ্য পদপ্রার্থীরা নির্ব্বাচক-মণ্ডলীর নিকট কিরূপ মর্য্যাদা পাইতেছেন, তাহা দেখিলে মনে হয়—"সেই দিন আর এই দিন!" একটি প্রবাদ আছে—

—"অরাঁধুনীর হাতে পড়ে
রুই মাছ কাঁদে—
না জানি রাঁধুনী মোরে—
কেমন করে রাঁধে।"

অন্যের কথা দূরে থাক এবার নির্ব্বাচনে পশ্চিম বঙ্গ রাজ্য সরকারের প্রধান মন্ত্রী স্বনামধন্য ডাঃ বিধান-চন্দ্র রায় তাঁহার নির্ব্বাচন কেন্দ্রের প্রতি দ্বারে দ্বারস্থ হইয়াও তাঁহার প্রতিদ্বন্দ্বী জনৈক কমিউনিষ্ট অপেক্ষা মাত্র ৫৪০ ভোট বেশী পাইয়া নির্ব্বাচিত হইয়াছেন। কিন্তু সেই কলিকাতা সহরেই কম্যুনিষ্ট নেতা শ্রীজ্যোতি বোস তাঁহার কংগ্রেসী প্রতিদ্বন্দ্বীকে প্রায় দশ হাজার ভোটে পরাস্ত করিয়া কত গৌরব অনুভব করিতেছেন। এবার পশ্চিম বাংলার কংগ্রেস সভাপতি শ্রীঅতুল্য ঘোষ ও মুখ্যমন্ত্রী ডাঃ বিধান রায় তাঁহাদের সমস্ত এলাকায় নির্ব্বাচনী ভাষণ দিয়া বক্তৃতায় মাতাইয়া বেড়াইয়াছেন। তা ছাড়া প্রধান মন্ত্রী পণ্ডিত নেহেরু, বোম্বাই-এর প্রধান মন্ত্রীর আসনে অধিষ্ঠিত গত বারের ফেল মোরারজী দেশাই, কংগ্রেস সভাপতি ইউ, এন, ডেবর, কাশ্মীরের প্রধান মন্ত্রী বক্সী সাহেব এমন কি প্রধান মন্ত্রী-কন্যা শ্রীমতী ইন্দিরা গান্ধী কত নির্ব্বাচনী বক্তৃতা করিয়াও কলিকাতার বুকের উপর মুখ্য মন্ত্রীর এবম্বিধ জয়-লাভ ঘটিল। আরও দুঃখের কথা পশ্চিম বঙ্গ বিধান সভার স্পীকার শ্রীশৈলকুমার মুখোপাধ্যায় মহাশয় তাঁহার নির্ব্বাচন কেন্দ্র হাওড়ায় নির্ব্বাচিত হইতে পারিলেন না। আইন-মন্ত্রী শ্রীশঙ্করপ্রসাদ মিত্র, কারা-মন্ত্রী শ্রীজীবনরতন ধর, স্বাস্থ্য-মন্ত্রী শ্রীঅমূল্য-ধন মুখোপাধ্যায়, প্রচার বিভাগের নাম করা উপ-মন্ত্রী শ্রীগোপিকাবিলাস সেন মহাশয়গণের নির্ব্বাচিত তালিকায় নামকরণ হইল না। সেই কংগ্রেস আর এই কংগ্রেস! আমরা যাত্রার দলের এক হরিভক্তের হরিনামের ব্যাজস্তুতিপূর্ণ গানে শুনিয়াছিলাম—

"হরিনাম আর কেউ করো না
নামের গুমর ঘুচে গ্যাছে।
ঐ নাম ক'রে গৃহহারা
শ্মশানে শিব পড়ে আছে।"

( কংগ্রেস সম্বন্ধে বলা চলে )

এ কংগ্রেস তো সে কংগ্রেস নয়,
সে কংগ্রেসে ঘুণ ধরেছে।
যাকে দোষ বলিত লোকে
কংগ্রেসীর তা গুণ হয়েছে।

---

## স্কুল ফাইনাল পরীক্ষা স্থগিত

—০—

এই বৎসরের ( ১৯৫৭ ) পশ্চিম বঙ্গের স্কুল ফাইন্যাল পরীক্ষার এক বাণ্ডিল প্রশ্নপত্র কলিকাতার বাহিরে একটি ডাকঘর হইতে খোয়া যাওয়ায় আসন্ন স্কুল ফাইন্যাল পরীক্ষা অনির্দ্দিষ্ট সময়ের জন্য স্থগিত রাখা হইয়াছে। আগামী ৪ঠা এপ্রিল বৃহস্পতিবার পরীক্ষা আরম্ভ হইত। এবার ৭৫ হাজার ছাত্রছাত্রী এই পরীক্ষা দিবে। পরীক্ষা গ্রহণের তারিখ পরে বিজ্ঞাপিত হইবে।

---

## অমানুষিক ঘটনা

—০—

আনন্দবাজার পত্রিকায় প্রকাশ গত ২৩শে মার্চ্চ শনিবার রাত্রিতে এক ডাকাতদল মুঙ্গের জেলার খিরিডি গ্রামের এক ধনী কৃষকের গৃহে হানা দেয়। ডাকাত দল গৃহস্বামীর মস্তক ছেদন করিয়া নগদ টাকাকড়ি ও মূল্যবান দ্রব্যাদি লইয়া পলায়ন করে। কৃষকের স্ত্রী স্বামীর প্রাণভিক্ষার জন্য হস্ত প্রসারিত করিয়া ডাকাত দলের নিকট কাতরভাবে অনুনয় করিতে গেলে তাহারা তাহার হাত দুইখানি কাটিয়া ফেলে। কৃষকের ভৃত্য তাহার মনিবের সাহায্যার্থ অগ্রসর হইলে ডাকাতেরা তাহার চক্ষুদ্বয় উপড়াইয়া লয়।

---

## লোকসভায় ত্রিদিব চৌধুরী

বহরমপুর কেন্দ্র হইতে আর, এস, পি, প্রার্থী শ্রীত্রিদিব চৌধুরী তাঁহার নিকটতম প্রতিদ্বন্দ্বী মিঃ নজরুল হক খোন্দকার ( স্বঃ )কে ১৪,৪৮২ ভোটে পরাজিত করিয়া নির্ব্বাচিত হইয়াছেন।

---

## মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্র

মুর্শিদাবাদ কেন্দ্রে মহম্মদ খুদাবক্স ( কংগ্রেস ) কলিকাতার ভূতপূর্ব্ব মেয়র মিঃ এ, কে, এম, জ্যাকেরিয়াকে চারি হাজার ভোটে পরাজিত করিয়া নির্ব্বাচিত হইয়াছেন।

---

## নাটক প্রতিযোগিতার ফলাফল

১৯৫৬ সালের আকাশবাণীর উদ্যোগে ১০টি আঞ্চলিক ভাষার যে রেডিও নাটক প্রতিযোগিতার আয়োজন করা হইয়াছিল তাহার ফলাফল ঘোষণা করা হইয়াছে।

বাংলা :—মৃণালকান্তি চট্টোপাধ্যায়ের 'মোক্ষ-কাল' প্রথম, গীতা সেনের 'ভিজিটিং কার্ড' দ্বিতীয় এবং বিনয়কুমার চট্টোপাধ্যায়ের 'অহল্যা' তৃতীয়।

# নিলামের ইস্তাহার

## *চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত*
## *নিলামের দিন ৮ই এপ্রিল ১৯৫৭*

১৯৫৩ সালের ডিক্রীজারী

৫১ থাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং রাজেন্দ্রনাথ রায় দিঃ দাবি ৫৯৷৴০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুর ৫-৪৯ শতকের কাত ১৪৶৫ পাই আঃ ২০৲ থঃ ২০৮

৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৷৶০ মৌজাদি ঐ ৩-০১ শতকের কাত ৮৷৶৩ পাই আঃ ৫৲ থং ২১৩

৬৩ থাং ডিঃ ঐ দেং হাজি আবদুল মজিদ বিশ্বাস দিঃ দাবি ৪১৴০ মৌজাদি ঐ ৫-৬৮ শতকের কাত ১৬৵১ পাই আঃ ২০৲ থং ৭৩৷২

৬৪ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিঃ দাবি ২৪৷৬ মৌজাদি ঐ ৪-০৫ শতকের কাত ৮৷৬ আঃ ১০৲ থং ১১৪

৮১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪৸৴০ মৌজাদি ঐ ২-৮১ শতকের কাত ৮৷৶৪ আঃ ৫৲ থং ২৪৩

৬৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৬৲৬ থানা ঐ মৌজে তেঘরী ১২-৩০ শতকের কাত ২৫৷৮ আঃ ৫০৲ থং ৩৮৬

৬৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৵০ মৌজাদি ঐ ১-৪০ শতকের কাত ৫৷৵৯ আঃ ১০৲ থং ৩৮৫

৬৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৴৬ পাই মৌজাদি ঐ ৭৩ শতকের কাত ৪৲ আঃ ৭৲ থং ৩৮৪

৬৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬৸৴০ মৌজাদি ঐ ৭-৫৮ শতকের কাত ১০৵০ আঃ ১৫৲ থং ৩৭৬

৬৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫৷৶৯ মৌজাদি ঐ ৫০ শতকের কাত ৬৲৶১০ আঃ ১৫৲ থং ৩৬৩

৭৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৴৬ মৌজাদি ঐ ৪-২৯ শতকের কাত ১১৷৶৬ আঃ ১৫৲ থং ৬৪৬

৭৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১৷৶০ মৌজাদি ঐ ৯-৬৩ শতকের কাত ১৪৴০ আঃ ২০৲ থং ৬৮৮

৭৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯৷৴০ মৌজাদি ঐ ২-৮৮ শতকের কাত ১২৸০ আঃ ২০৲ থং ৬৭৫

৭৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৷৶৩ মৌজাদি ঐ ৭৩ শতকের কাত ২৵০ আঃ ৫৲ থং ৬৭৮

৭৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৷০ মৌজাদি ঐ ৩-৫৮ শতকের কাত ৬৸৶৯ পাই আঃ ১০৲ থং ৬৭৯

৮০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৷৶০ মৌজাদি ঐ ১-২৮ শতকের কাত ৪৶৭ পাই আঃ ৫৲ থং ৬৮৪

৫৩ থাং ডিঃ ঐ দেং ভুজঙ্গভূষণ দাস দিঃ দাবি ৬৬৷৴৩ মৌজাদি ঐ ৩-২২ শতকের কাত ৮৶১০ পাই আঃ ১০৲ থং ৫০৬

৫৭ থাং ডিঃ ঐ দেং নীলরতন রায় দিঃ দাবি ৩২৸৴৬ মৌজাদি ঐ ৪-৯৫ শতকের কাত ৮৷৴২ আঃ ১০৲ থং ১৯০

৫৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫০৷৵৬ মৌজাদি ঐ ১১-৪৪ শতকের কাত ২৩৸৴৪ আঃ ৩০৲ থং ৬৬৬

৫৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৬৷৴৯ মৌজাদি ঐ ১৫-৩৮ শতকের কাত ৪৬৸৯ পাই আঃ ৬০৲ থং ১৫৫

৬০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৩৶৬ মৌজাদি ঐ ১৫-৮১ শতকের কাত ২৫৵০ আঃ ৪০৲ থং ১৪১

৬২ থাং ডিঃ ঐ দেং হাজি আবদুল মজিদ বিশ্বাস দিঃ দাবি ৪৪৲৩ মৌজাদি ঐ ৪-৯৩ শতকের কাত ১৮৷৶২ আঃ ২৫৲ থং ২৩৩

১৫৭ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিঃ দেং শ্যামাপদ রায় দিঃ দাবি ১২১৬৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে নসীপুর ৬-৬৪ শতকের কাত ১৫৷৶১১ আঃ ৮০০৲ থং ২৪০ ; ২নং লাট মৌজাদি ঐ ৬-৪২ শতকের কাত ১৯৷৶৮ আঃ ৬০০৲ থং ২৪২ ; ৩নং লাট থানা ঐ মৌজে নসীপুর ও কুতুবপুর ২-৪৪ শতকের কাত ৯৷৷৶২ আঃ ৩০০৲ থং ২৪৩ নসীপুর ও ১৫৪ কুতুবপুর ; ৪নং লাট থানা ঐ মৌজে পিয়ারাপুর ২-৩২ শতকের কাত ৬৶৬ আঃ ৪০০৲ থং ২৭০

১৯৫৬ সালের ডিক্রীজারী

২১৮ থাং ডিঃ ষষ্ঠীপদ দত্ত দিঃ দেং মেহের আলি বিশ্বাস দিঃ দাবি ৪৮৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে পানানগর ১-৩৯ শতকের কাত ৮৶০ আঃ ১৫৲

২৫১ থাং ডিঃ বিবি আমাতুস সুফিয়া দিঃ দেং নির্ম্মলকুমার দাস দিঃ দাবি ৩৫৷৬ থানা সুতী মৌজে ফতেউল্লাপুর ৪৪ শতকের কাত ১৴০ নিজাংশ ৷৵১২৷০ আঃ ১০৲ থং ৫০৪

২৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৷৵৯ থানা ঐ মৌজে নহম কানন ২ শতকের কাত ১৸৴০ নিজাংশ ৷৶১২ আঃ ১০৲ নদীগর্ভে থাকায় সেটেলমেন্ট হয় নাই।

৩৪৬ থাং ডিঃ মনোরঞ্জন দাস দেং সাবিত্রীসুন্দরী দেবী দাবি ১৭৮৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ১৩ শতকের কাত ১।০ আঃ ১০৲ থং ৫২৯ কোর্ফা দখলিস্বত্ব বিশিষ্ট দেশাচার অনুসারে

৩৪৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪॥৬ মৌজাদি ঐ ৪ শতকের কাত ॥৶০ আঃ ৫৲ থং ৫২৭ ঐ স্বত্ব

৩৪৭ থাং ডিঃ ঐ দেং ভূপেন্দ্রনারায়ণ রায় দিং দাবি ১৪।৬ মৌজাদি ঐ ২ শতকের কাত ॥৵০ আঃ ৫৲ থং ৫২৮ ঐ স্বত্ব

৩৫০ থাং ডিঃ লাবণ্যলতা দাসী দেং শ্যামাপদ রায় দিং দাবি ১৮॥/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৮ শতকের কাত ১৵০ আঃ ৮৲ থং ৪০ কোর্ফা দখলিস্বত্ব বিশিষ্ট দেশাচার অনুসারে

৩৫১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৫৬ মৌজাদি ঐ ১০ শতকের কাত ১॥০ আঃ ১০৲ থং ৪১ ঐ স্বত্ব

৩৪৯ থাং ডিঃ ঐ দেং ইয়াসিন সেখ দিং দাবি ২৬৸/০ থানা ঐ মৌজে দোনলীয়া ১১১ শতকের কাত ৩৸৶৩ পাই আঃ ১০৲ থং ১৯৭ রায়ত স্থিতি-বান স্বত্ব

৩২৬ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং দামোদর দাস দিং দাবি ৫৬৸৶০ থানা সূতী মৌজে বসন্তপুর ২-৫২ শতকের কাত ৬৸৶৭ আঃ ২০৲ থং ১৭৯ রায়ত স্থিতিবান স্বত্ব

৩২৭ থাং ডিঃ ঐ দেং একরামুল সেখ দিং দাবি ৭৮।/৩ মৌজাদি ঐ ৯-৩১ শতকের কাত ২১৸৶৭ আঃ ৫০৲ থং ৩৩ ঐ স্বত্ব

৩২৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৪৵৯ মৌজাদি ঐ ৮-২০ শতকের কাত ২৪৵১ আঃ ৬০৲ থং ৩৪ ঐ স্বত্ব

৩৩০ থাং ডিঃ ঐ দেং ভোলা সেখ দিং দাবি ৪৯/৩ মৌজাদি ঐ ১-৯২ শতকের কাত ৫॥৶৬ আঃ ১৫৲ থং ১৪৩ ঐ স্বত্ব

৩৩১ থাং ডিঃ ঐ দেং শশাঙ্কশেখর সরকার দিং দাবি ৯০।৶৯ মৌজাদি ঐ ৪-৫০ শতকের কাত ১২।৶৩ আঃ ৩৫৲ থং ২০৩ ঐ স্বত্ব

২২৮ থাং ডিঃ তারাপদ রায় দিং দেং অশ্বিনীকুমার মণ্ডল দিং দাবি ২০।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুরা ২১ শতকের কাত ২৶০ আঃ ১৮৲ থং ১৯

২২৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২॥৬ মৌজাদি ঐ ৩-২৫ শতকের কাত ৮৵৬ আঃ ১০০৲ থং ১৩৭ অধীনস্থ থং ১৩৮

২৩০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭/৩ মৌজাদি ঐ ২৬ শতকের কাত ২॥৶৩ আঃ ২৫৲ থং ১৩৯

৩৩৫ থাং ডিঃ ঐ দেং উমেশচন্দ্র মণ্ডল দিং দাবি ২২॥৶৬ থানা ঐ মৌজে তেঘরি ২-১৫ শতকের কাত ৫॥/০ আঃ ৪৫৲ থং ১১৩

৩৩৬ থাং ডিঃ ঐ দেং প্রহ্লাদ মণ্ডল দিং দাবি ২৫।৬ মৌজাদি ঐ ২-১২ শতকের কাত ৮॥/০ আঃ ৪০৲ থং ৩৯৬

৩৩৭ থাং ডিঃ ঐ দেং কিশোরীমোহন সরকার দিং দাবি ১৯৶০ থানা ঐ মৌজে রামপুরা ৩৮ শত-কের কাত ১৸৵৮ পাই আঃ ১০৲ থং ২৪৮

৩৩৮ থাং ডিঃ ঐ দেং কেদারচন্দ্র সরকার দিং দাবি ১৯৸৶৯ থানা ঐ মৌজে তেঘরি ১-২ শতকের কাত ৩/৩ পাই আঃ ৫০৲ থং ৫৫৭

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ১৩ই মে ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩৭৫ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং খোস-মহম্মদ সেখ দিং দাবি ২৩৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদাসটুলি ৬০ শতকের কাত ২৸৮ আঃ ১৫৲ থং ২০

৩৭৬ থাং ডিঃ ঐ দেং এব্রাহিম সেখ দিং দাবি ৪০৶০ থানা ঐ মৌজে জেঠিয়া ৩ ৬৮ শতকের কাত ৭।০ আঃ ৩০৲ থং ৪৫৭

৩৭৮ থাং ডিঃ ঐ দেং গোপীনাথ রায় দিং দাবি ১৮॥৵৬ থানা ঐ মৌজে মিঠিপুর ৬৮ শতকের কাত ২৵০ আঃ ১৫৲ থং ৪৯৬

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৫ই এপ্রিল ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

১১৭ থাং ডিঃ রাধারাণী ঘোষ মজুমদার দিং দেং হরেন্দ্র কর্ম্মকার দাবি ৮৪॥৵০ থানা সাগরদীঘি মৌজে নিম্পিবিরল ৪৭ শতক জমি আঃ ১০৲ থং ১৪৮

২৩৫ থাং ডিঃ উমাপদ চৌধুরী দিং দেং কুলেশ মণ্ডল দাবি ১৭৶ঃ পাই থানা ফরক্কা মৌজে শ্রীমন্তপুর ২-৮৬ শতকের কাত ৸৵০ আঃ ১৫৲ থং ১৪

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## ফরক্কা কেন্দ্র

—০—

গত ২১শে মার্চ্চ ফরক্কা কেন্দ্রের ফল প্রকাশিত হইয়াছে।

বর্ত্তমান সদস্য মহম্মদ গিয়াসুদ্দিন (কংগ্রেস) ১০৮৩৫ ভোটে নির্ব্বাচিত হইয়াছেন।

সাবিরুদ্দিন বিশ্বাস (স্বঃ) ৭৯৬২

নেজামুদ্দিন আহাম্মদ (স্বঃ) ৩১১৪

মহম্মদ আজিজুর রহমান (স্বঃ) ১৩১৯

———

## সুতী কেন্দ্র

—•—

গত ২৩শে মার্চ্চ সুতী কেন্দ্রের ফল প্রকাশিত হইয়াছে।

বর্ত্তমান সদস্য লুৎফল হক (কংগ্রেস) ২৭০৬৩ ভোটে নির্ব্বাচিত হইয়াছেন।

দুঃখুলাল দাস (স্বঃ) ২৩৮৮৯

সত্যবান দাস (পি, এস, পি,) ৯৫৭

এসাহুদ্দিন আহাম্মদ সেখ (স্বঃ) ৬৮৫

———

## পরলোক গমন

—০—

গত ১১ই চৈত্র সোমবার রাত্রি ৮ ঘটিকার সময় রঘুনাথগঞ্জের সত্যচরণ পাল মহাশয় পরলোক গমন করিয়াছেন। প্রায় ৫০ বৎসর পূর্ব্বে তাঁহার পিতৃদেব স্বর্গত নন্দলাল পাল মহাশয় এই সহরে এলোপ্যাথিক ঔষধের দোকান খুলিয়া সুনামের সঙ্গে পরিচালনা করিয়াছিলেন। পরে গ্রাহকদের নিকট প্রাপ্য টাকা আদায় না হওয়ার জন্য দোকানটি উঠিয়া যায়। বর্ত্তমানে তাঁহার একমাত্র পুত্র পরেশনাথ একটি ষ্টেশনারী দোকান চালাইতেছে। মৃত্যুকালে তাঁহার বয়স ৭০ বৎসর হইয়াছিল। তিনি সদালাপী, মিষ্টভাষী ও পরোপকারী ছিলেন। তিনি এক পুত্র, এক কন্যা ও কয়েকটি নাতি নাতিনী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

———

# বেটা বেচার ফল

## (পণ প্রথার নগ্ন চিত্র)



## শ্বাশুরী বধূর বাক্‌যুদ্ধ

### শ্বাশুরী

কি কুক্ষণে লক্ষীছাড়ী
ঢুকলি এসে আমার ঘর!
স্কন্ধে চেপে আমার অমন
সোনার বাছায় করলি পর!
মাইনে পেলে সব তোরে দেয়
দুখের কথা কাহারে কই?
তুই হলি তার আপন জনা
আমরা বুঝি কেহই নই!
ভাগ্যে বুড়ো বেঁচে আছে,
তাইতে মিলছে শাক ভাত।
বুড়ো ম'রে গেলে কি হ'বে আমার
ভেবে হয় শিরে বজ্রাঘাত!
বুড়ো বুড়ী মোরা দুখে দিন কাটি
তোদের বেড়েছে রঙ্গ রস!
হায়রে আমার বুকের বাছায়
কি মন্তরে করলি বশ!

### বধূ

নিজের মন্দ নিজেই ক'রেছ
ঝগড়ায় কোন নাহিক ফল—
কি আর হইবে বল মিছামিছি
গোঁড়া কেটে দিয়ে আগায় জল।
আঁতুর হইতে কলেজ খরচা
হিসাব করিয়া আট হাজার,
বাবার নিকটে নিয়েছ গুণিয়া
পুত্রের দাবি কেন আবার?
পর্ব্বে পর্ব্বে জুলুম করিয়া
আদায় ক'রেছ তত্বটা;
পুত্র বলিয়া তবে আর কেন
রাখিতে চাহিছ স্বত্বটা?
সাবধান বুড়ী! আমার সঙ্গে
ঝগড়া এরূপ ক'রোনা আর।
তোমার পুত্রে আইনতঃ আমি
খরিদ সূত্রে দখলিকার।



"মুখের পানে চাহিনু অনিমেষে
বাজিল বুকে সুখের মত ব্যথা।
মেঘের মত গুচ্ছ কেশরাশি
শিথান ঢাকি পড়েছে ভারে ভারে"

সকল সময়ে, সব ঋতুতে
জবাকুসুম আপনার কেশ-সৌন্দর্য্য
বৃদ্ধি করতে নিশ্চয়ই সাহায্য
করবে।

জবাকুসুম

কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, ৩৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা-১২

১১৭, আর্মেনিআন ষ্ট্রীট, মাদ্রাজ-১

CKJ.3BE.56



দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৬

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত